

ধূসর জীবনের গোধূলিতে ক্লান্ত আলোয় ম্লানস্মৃতি ।
সেই সুরের কায়া মোর সাধের সাথি, স্বপ্নের সঙ্গিনী,
তারি আবেশ লাগে মনে বসন্তবিহ্বল বনে ॥
দেখি তার বিরহী মূর্তি বেহাগের তানে
সকরণ নত নয়ানে ।
পূর্ণিমা জ্যেৎমালোকে মিলে যায়
জাগ্রত কোকিল-কাকলিতে মোর বাঁশির গীতে ॥

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Pancham (Tune Altered)
Visit www.geetabitan.com for notation and other detail